UNIVERSITY OF CAMBRIDGE INTERNATIONAL EXAMINATIONS

GCE Ordinary Level

# MARK SCHEME for the May/June 2008 question paper

## 3204 BENGALI

**3204/02** Paper 2 (Language Usage and Comprehension), maximum raw mark 110

This mark scheme is published as an aid to teachers and candidates, to indicate the requirements of the examination. It shows the basis on which Examiners were instructed to award marks. It does not indicate the details of the discussions that took place at an Examiners' meeting before marking began.

All Examiners are instructed that alternative correct answers and unexpected approaches in candidates' scripts must be given marks that fairly reflect the relevant knowledge and skills demonstrated.

Mark schemes must be read in conjunction with the question papers and the report on the examination.

- CIE will not enter into discussions or correspondence in connection with these mark schemes.

CIE is publishing the mark schemes for the May/June 2008 question papers for most IGCSE, GCE Advanced Level and Advanced Subsidiary Level syllabuses and some Ordinary Level syllabuses.

UNIVERSITY of CAMBRIDGE International Examinations

www.xtremepapers.net

## Section A

## বিভাগ ক

**A1 Separation/Combination of Words** (two marks per correct answer)

সন্ধি

*নিচে দেওয়া শব্দগুলির সন্ধি কর ।*
*তোমার উত্তর প্রদত্ত উত্তরপত্রে লেখ ।*

1 শীতোষ্ণ

2 ইত্যাদি

3 প্রত্যেক

4 ইতস্তত

5 তৃষ্ণার্ত

**A2 Idioms, Proverbs and Words in Pairs** (two marks per correct answer)

বাগধারা, প্রবচন, জোড়া শব্দ

*নিচে বাক্যগুলিতে একটি করে শূন্যস্থান দেওয়া আছে । শূন্যস্থানগুলি পূরণের জন্য নিচে দেওয়া উপযুক্ত বাগধারা/প্রবচন/জোড়া শব্দটি বেছে উত্তর পত্রে লেখ ।*

6 (9) বরের ঘরের পিসী, কনের ঘরের মাসী।

7 (4) অমাবস্যার চাঁদ

8 (2) ননীর পুতুল

9 (7) উত্তর-দক্ষিণ

10 (1) বালির বাঁধ

© UCLES 2008

www.xtremepapers.net

**A3 Sentence Transformation** (two marks per correct answer)

বাক্য রূপান্তর

*নিচের প্রত্যেকটি অসম্পূর্ণ বাক্যকে উপযুক্ত শব্দের সাহায্যে এমনভাবে পূরণ কর যেন উপরের বাক্যটির অর্থ বদলে না যায় । উত্তরপত্রে শুধু তোমার উত্তরটিই লিখবে ।*

11 মেয়েদের শিক্ষিত করে না তুললে সমাজের উন্নতি হবে না ।
সমাজের উন্নতি করতে হলে মেয়েদের শিক্ষিত করে তুলতে হবে ।

12 পুষ্টিকর খাবার না খেলে বাচ্চাদের স্বাস্থ্য ভালো থাকবে না।
স্বাস্থ্য ভালো রাখার জন্য বাচ্চাদের পুষ্টিকর খাবার খেতে হবে।

13 যতই ফারুকের আয় বাড়ছে ততই তার চালচলন বদলাচ্ছে।
আয় বাড়ার সাথে সাথে ফারুকের চালচলন বদলাচ্ছে ।

14 ছুটি না পাওয়াতে সমীর নীলার বিয়েতে আসতে পারে নি।
সমীর নীলার বিয়েতে আসেনি কারণ সে ছুটি পায় নি ।

15 নিজের ওজন বুঝে না চললে বিপদে পড়তে হয়।
যদি নিজের ওজন বুঝে না চল তাহলে বিপদে পড়বে।

**A4 Cloze Passage** (two marks per correct answer)

শূণ্যস্থান পূরণ

*এই অনুচ্ছেদটিতে শূণ্যস্থানগুলি পূরণের জন্য কতগুলি শব্দ দেওয়া হয়েছে। প্রত্যেকটি শূণ্যস্থান পূরণের জন্য এর মধ্য থেকে উপযুক্ত শব্দটি বেছে উত্তরপত্রে লেখ।*

16 (9) ওজনে
17 (5) প্রকাশিত
18 (4) ওজন
19 (15) মানুষদের
20 (7) জরীপ
21 (2) অসুখে
22 (11) স্থূল
23 (13) বেড়ে
24 (1) খেলাধুলা
25 (14) প্রবণতা

© UCLES 2008

www.xtremepapers.net

## Section B
## বিভাগ খ

*অনুচ্ছেদটি ভাল করে পড়ে নিচে দেওয়া প্রশ্নগুলির উত্তর দাও।*

আমরা কয়েক বন্ধু গাড়ীতে বান্দরবনে ভ্রমণে যাবার সিদ্ধান্ত নিলাম। আমাদের আরো দুজন বন্ধু সঙ্গে যেতে চেয়েছিলো। কিন্তু গাড়ীতে পাঁচজনের বেশী জায়গা হয় না। ওরা গেলে ড্রাইভারসহ আমরা সাতজন হয়ে যাই, তাই ওদেরকে নিতে পারিনি। জানুয়ারী মাসের সুন্দর ঝলমলে এক দিন আমরা চার বন্ধু বান্দরবনের পথে রওনা হলাম। চট্টগ্রাম থেকে ৮০ কিলোমিটার দক্ষিণ পূর্ব দিকে বান্দরবন। শহর থেকে কক্সবাজারের রাস্তা ধরে আমাদের গাড়ী দক্ষিণ দিকে চলতে শুরু করল। কিছুক্ষণের মধ্যে একটা পুরোনো লোহার ব্রীজ দিয়ে আমরা কর্ণফুলী নদী পার হলাম। নদীর ওপারে সুন্দর গ্রাম। গ্রামগুলির মাঝ দিয়ে কিছুদূর যাবার পর আমরা আরো একটা ব্রিজ পার হলাম। এই ব্রিজটি কর্ণফুলীরই একটা শাখা চানখালী নদীর উপর। তবে এটা খুব আধুনিক এবং কংক্রিটের তৈরী।

চানখালী নদী পার হয়ে কিছুদূর আসার পর আমরা আরাকান রোডে পড়লাম। এই রাস্তার সঙ্গে প্রায় সমান্তরালভাবে চলে গেছে চট্টগ্রাম-দোহাজারী রেল লাইন। দোহাজারীর পরেই শঙ্খ নদী। এর আর এক নাম সাঙ্গু। কর্ণফুলীর উৎপত্তি যেমন আসামে, শঙ্খ নদীর তা নয়। শঙ্খ বাংলাদেশের একমাত্র প্রধান নদী যার উৎপত্তি বাংলাদেশের ভিতরে। কর্ণফুলির মত শঙ্খ নদীও বঙ্গোপসাগরে মিলেছে।

প্রায় দুঘন্টা পর আমরা বান্দরবনের কাছাকাছি এসে পৌঁছালাম। সবুজ ঘন গাছগাছড়িতে ঢাকা পাহাড়ের ধার ঘেঁষে আমাদের গাড়ী চলছে। গাছের ডালে অনেকগুলো বানর লাফালাফি করছে। রাস্তার পাশে একটা অদ্ভুত সুন্দর লেক। কিন্তু বাংলাদেশের অন্যান্য এলাকার মত এখানে রাস্তার পাশে লোকজন বড় দেখা যায় না।

বান্দরবন পৌঁছার পর আমাদের বন্ধু শাকিল বলল, এখানে নয়, চল আর একটু সামনে একটা সুন্দর গেস্ট হাউস আছে। ওখানে যাই। ওর সঙ্গে সায় দিয়ে আমরা গেস্ট হাউসের দিকে চললাম। পাহাড়ের গা ঘেঁসে উপরের দিকে উঠছে গাড়ী। উঠতে আমাদের গাড়ীর রীতিমত বেগ পেতে হচ্ছিল। ড্রাইভার বলছিল এতগুলো লোক নিয়ে গাড়ী উঠতে পারে কিনা সন্দেহ। একটু ভুল হলে একেবারে নীচে পাহাড়ের ঢাল বেয়ে গর্তে পড়ে যাবে।

বান্দরবন থেকে গেস্টহাউসে যাবার সময় দূর থেকে চিম্বুক পাহাড় দেখা যাচ্ছিলো। প্রায় পাঁচ কিলোমিটার চলার পর আমরা গেস্টহাউসে পৌঁছালাম। এটি চিম্বুকে যাবার রাস্তার একেবারে পাশে। চিম্বুক এখান থেকে আরো আট কিলোমিটার দূরে। অন্যান্য গেস্টহাউসের মত এটা ইট-সিমেন্ট দিয়ে তৈরী নয়, বাঁশ ও কাঠ দিয়ে তৈরী।

আমরা সবাই খুব ক্লান্ত ছিলাম। তাই বারান্দায় গিয়ে বসলাম। সামনে ছিল দুটা কনক চাঁপার গাছ। দূরে শঙ্খ নদী দেখা যাচ্ছিল। অদ্ভুত সুন্দর যায়গা।

© UCLES 2008

www.xtremepapers.net

**B5 MCQ Comprehension** (two marks per correct answer)

এখন নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।

26 ওরা কয় বন্ধু মিলে বান্দরবন গিয়েছিল?

(খ) চার

27 বান্দরবন

(গ) চট্টগ্রামের দক্ষিণ-পূর্বে

28 কক্সবাজার রোড ধরে কিছুদূর যাবার পর

(খ) কর্ণফুলি নদীর উপর একটা লোহার ব্রিজ পার হল

29 শঙ্খ নদী সম্বন্ধে কি বলা হয়েছে?

(গ) এর আর এক নাম সাঙ্গু

30 বান্দরবনের পাহাড়ী রাস্তায় কি দেখা যায় না ?

(ক) অনেক লোকজন

31 বান্দরবন গেস্ট হাউসে যাবার সময় গাড়ীর কি সমস্যা হচ্ছিল?

(ঘ) অনেক লোক নিয়ে গাড়ী উপরে উঠতে পারছিল না

32 গেস্ট হাউসটি

(খ) বান্দরবন থেকে পাঁচ কিলোমিটার দূরে

© UCLES 2008

www.xtremepapers.net

## Section C

## বিভাগ গ

# ক্রিকেটার মুরালীথরন

কিছুদিন আগ পর্যন্ত ৫১৯ টেস্ট উইকেট নেয়ার রেকর্ডধারী ওয়েস্ট ইন্ডিজ বোলার কুর্টনী ওয়ালসকে ছাড়িয়ে মুটিয়া মুরালীথরন এখন বিশ্বের সেরা উইকেট গ্রহণকারী হয়েছে। তার এই সাফল্য শ্রীলঙ্কাকে বিশ্বের অন্যতম ক্রিকেট টীম হিসেবে প্রতিষ্ঠিত করতে মুরালীথরনের ভূমিকার সাক্ষ্য বহন করে। মুরালী নামে অধিক পরিচিত মুরালীথরন যখন তার এই বিশ্ব রেকর্ড স্থাপনের সাফল্যের বর্ণনা দিতে যায় তখন স্বাভাবিক দেশপ্রেমের প্রতিফলন ঘটে। সে বলছিল, ''অস্ট্রেলিয়া বা ভারতের মত আমাদের দেশ অত বড় নয়, আমার ভূমিকা বিশ্বের কাছে আমার দেশের একটা সুন্দর চিত্র তুলে ধরা এটা যে শুধু ক্রিকেটের ক্ষেত্রে শ্রীলঙ্কার অবস্থানকে অনেক উপরে তুলবে তা নয়, তরুনদেরকেও এই খেলায় অংশগ্রহণ এবং উঁচুমানের খেলতে উৎসাহিত করবে। একদিন তারাও তাদের দেশের জন্য বিশ্বের সেরা বিজয়ী হবে।''

মুরালী এখনও ১৯৯৬ সালে শ্রীলঙ্কার বিশ্বকাপ বিজয়কে তার জীবনের সবচেয়ে স্মরণীয় সাফল্য বলে মনে করে। তার অনেক সাফল্য সত্ত্বেও বোলার হিসাবে মুরালীর ভূমিকা বিতর্কিত বিষয়। তার নিজস্ব বোলিংএর ভঙ্গী যেটাকে খেলার জগতে অনেকে বল ছুঁড়ে মারা বলে সমালোচনা করে থাকেন সেটা তাদের মতে এই কাজ ক্রিকেটের নিয়ম বহির্ভূত। এর প্রতিফলে মুরালীকে আন্তর্জাতিক ক্রিকেট কমিশনের প্রশ্নের সম্মুখীন হতে হয়েছে এবং তার বোলিং খেলার বিধান ভঙ্গ করে কিনা সেটা নির্ধারন করার জন্য বহুবার ক্রীড়া-বিজ্ঞানীদের পরীক্ষার সম্মুখীন হতে হয়েছে। পুরা তদন্তের সময় মুরালী নিশ্চিত ছিল যে তার বিরুদ্ধে অখেলোয়ারমূলক আচরনের যে অভিযোগ আনা হয়েছে সেটা থেকে সে মুক্তি পাবে। তাকে তার দলের খেলোয়াড়েরা এবং অধিনায়ক ছাড়াও দেশে বিদেশে অগণিত ভক্তরা সমর্থন দিয়েছে। ২০০৪ সালের নভেম্বরে কমিশনের তদন্তের ফলাফল ঘোষণার পর প্রমাণিত হল যে সে কোনো ভুল করে নি। কমিশনের বক্তব্য হল, যদিও মুরালীর বোলিং স্বতন্ত্র ধরণের কিন্তু সেটা ক্রিকেটের নিয়মের সীমার ভিতরেই আছে।

সাংবাদিকদের সঙ্গে সাক্ষাৎকারের সময় মুরালী সব সময় অত্যন্ত লাজুক এবং কিছুটা নার্ভাস থাকে। কিন্তু তার দলের সঙ্গীরা বলে সে অত্যন্ত প্রাণবন্ত, নিবেদিত প্রাণ এবং অনুপ্রেরণশীল ব্যক্তিত্ব যে তার দলের খেলার মান সম্বন্ধে যা ভাবে সেটা বলতে দ্বিধা করে না। ক্রিকেটের প্রতি তার আগ্রহ (কমিটমেন্ট) এবং উৎসাহ এবং স্থানীয় ও জাতীয় দলে তার খেলার মান কোনো দিন তাকে বিফল মনোরথ করে নি। দর্শকেরা এখনো বোলিং অনুশীলনে যে সময় ব্যয় করে এবং খেলার প্রতিটি দিক সে যেভাবে উপভোগ করে সে সম্বন্ধে মন্তব্য করেছে।

মুটিয়া মুরালীথন বলেছে যদিও ভবিষ্যৎ নিয়ে তার কোন সুস্পষ্ট পরিকল্পনা নেই কিন্তু খেলা ছেড়ে দিলে অন্য কোনোভাবে এই খেলার সঙ্গে সে জড়িত হবে না। আমি ছয়-সাত বছর বয়সথেকে ক্রিকেট খেলে আসছি। আমি যখন অবসর নেব তখন পুরোপুরিভাবে নেব মুরালীথন বলল, ''ক্রিকেট ছাড়াও জীবনে করার আরো কত কি আছে! আমার কাছে সব যদি একঘেঁয়ে লাগে তখন খেলার সঙ্গে যোগাযোগ রাখার জন্য বন্ধুবান্ধবের সঙ্গে ছুটির দিনে খেলে আনন্দ করব।

© UCLES 2008

www.xtremepapers.net

**C6 OE Comprehension**

বোধজ্ঞানের খোলা প্রশ্ন

এখন যথাসম্ভব **বাংলায়** তোমার নিজের ভাষায় নিচের প্রশ্নগুলির উত্তর দাও।

**Answers:**

4 maximum marks for content
2 maximum language marks

2 language marks for correctly phrased answers entirely in candidate's own words.
1 language mark for correct answers containing obtrusive linguistic and/or spelling errors.
0 language mark for an answer that is incorrect/irrelevant or entirely lifted from the text

**33** সর্বাধিক টেস্ট উইকেট নেওয়ার রেকর্ড ভঙ্গ করেছে **(1)**
সারা বিশ্বে শ্রীলঙ্কার ভাবমূর্তি বাড়িয়েছে **(1)**
বর্তমান সময়ে শ্রীলঙ্কা ক্রিকেট দলের বড় সম্পদ **(1)**
শ্রীলঙ্কার আরো অনেক তরুণদেরকে ক্রিকেট খেলায় উদ্বুদ্ধ করবে **(1)**

**34** সে এমনভাবে বোলিং করে যেটা অনেকের কাছে বেআইনী/নিয়ম বহির্ভূত মনে হয় **(2)**
তারা নিরপেক্ষ পদ্ধতি ব্যবহার করে/প্রমাণভিত্তিক পদ্ধতি ব্যবহার করে/তারা নিজেরা নিরপেক্ষ **(2)**

**35** তার দলের খেলোয়াড়েরা **(1)**
দলের অধিনায়ক **(1)**
দেশে-বিদেশের অগণিত ভক্ত **(1)**
তার বোলিং আইনানুগ **(1)**

**36** প্রাণবন্ত, লাজুক, নার্ভাস/বিচলিত, দেশপ্রেমিক, উৎসাহী, উচ্চাকাঙ্খী , নিবেদিত প্রাণ, অনুপ্রেরণাশীল
(এর মধ্যে যেকোনো চারটি: **(4)**

**37** পরীক্ষার্থী একমত হতে পারে বা নাও হতে পারে:
একমত না হবার কারণ সাংবাদিকদের সঙ্গে তার ব্যবহারে সে খুব লাজুক এবং নার্ভাস
তার বোলিং বিতর্কধর্মী
একমত কারণ সে অনুপ্রেরণাশীল, অত্যন্ত শ্রদ্ধেয়, দেশপ্রেমিক এবং নিজের জন্য চিন্তা না করে
দেশের জন্য চিন্তা করে

মোটামুটি ভাল উত্তরের জন্য চার নম্বর **(4)**

© UCLES 2008

www.xtremepapers.net

**C7 Vocabulary** (two marks per correct answer)

38 সাফল্য - সফলতা, কৃতকার্যতা

39 উৎসাহিত - উদ্বুদ্ধ, আগ্রহান্বিত

40 স্মরণীয় - মনে রাখার মত

41 নির্ধারণ - স্থির করা,

42 অনুপ্রেরণাশীল - যে উৎসাহ বা অনুপ্রেরণা দেয়

© UCLES 2008

www.xtremepapers.net